দৈনিক ইত্তেফাক



তারিখ ... ... JUL 31 2000
পৃঃ ১২ কলাম ৬

# চকরিয়ায় এসএসসি পরীক্ষা নকলমুক্ত করার উদ্যোগ

লামা সংবাদদাতা ॥ চকরিয়া উপজেলায় আগামী এস,এস,সি পরীক্ষা নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা একটি বিশেষ উদ্যোগ গ্রহণ করিয়াছেন।

এই উপজেলার ৩৮টি উচ্চ বিদ্যালয়ের সম্ভাব্য আড়াই সহস্রাধিক পরীক্ষার্থী ও তাহাদের অভিভাবকদের মাঝে নকল বিহীন পরীক্ষার উপকারিতা এবং এ সকল ছাত্র-ছাত্রীকে পরীক্ষার জন্য উপযুক্ত করিয়া তোলার নিমিত্তে শিক্ষকদের শ্রেণী শিক্ষার সারসংক্ষেপও এই মটিভেশন প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত রহিয়াছে।

উপজেলার হাইস্কুলগুলিকে ৬টি ব্লকে ভাগ করা হইয়াছে। প্রত্যেকটি ব্লকে ইতিমধ্যে আনুষ্ঠানিক সভা অনুষ্ঠিত হইয়াছে। সর্বশেষ গত ১২ই জুলাই চকরিয়া পৌর এলাকার কোরক বিদ্যাপীঠ ব্লকের সভা অনুষ্ঠিত হইয়াছে। এই সভায় কক্সবাজারের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও উন্নয়ন) প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চকরিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ হারুন-উজ-জামান ভুঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বলা হয়, প্রতি মাসের ২০ তারিখের মধ্যে প্রত্যেক বিষয়ের ৩ চ্যাপ্টার অথবা উহার সমপরিমাণ পৃষ্ঠা পড়াইতে হইবে। ইহার পর ঐ মাসেই পরীক্ষা নেওয়া হইবে। এসব মাসিক পরীক্ষার ফলাফল উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিসে জমা দেওয়া হইবে। সর্বশেষ আগামী ২০০১ সালে অনুষ্ঠিতব্য এস,এস,সি পরীক্ষার জন্য যে নির্বাচনী (টেষ্ট) পরীক্ষা নেওয়া হইবে তাহার ফলাফল স্কুল ভিত্তিক প্রকাশ না করিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট জমা করা হইবে। নির্বাহী কর্মকর্তা ঐ ফলাফল প্রত্রিকার মাধ্যমে প্রকাশের ব্যবস্থা করিবেন যাহাতে এই ফলাফলের বাহিরে কোন ছাত্র-ছাত্রী পরবর্তীতে শিক্ষকদের সহিত যোগসাজশ করিয়া এস,এস,সি পরীক্ষায় অংশ গ্রহণ করিতে না পারে। এভাবে ধীরে ধীরে ছাত্র-ছাত্রীদেরকে নকল প্রবণতা হইতে রক্ষা করা সম্ভব হইবে বলিয়া সভায় অভিমত প্রকাশ করা হয়।